



# ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বিজ্ঞপ্তি নং-১৪৮/২০১৯

তারিখ : ২০ কার্তিক ১৪২৬  
০৫ নভেম্বর ২০১৯

### উন্মুক্ত দরপত্র আহ্বান

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে জনতা ব্যাংক লিঃ ও রূপালী ব্যাংক লিঃ-এ 'কর্মকর্তা (সাধারণ)' এর ৮৮৯টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test ও লিখিত পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের জন্য ই-টেন্ডার বিজ্ঞপ্তি।

ক্রম	শিরোনাম	বিবরণ
১	কাজের নাম	ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে জনতা ব্যাংক লিঃ (১৯০টি) ও রূপালী ব্যাংক লিঃ (৬৯৯টি)-এ 'কর্মকর্তা (সাধারণ)' এর ৮৮৯টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে যোগ্য বিবেচিত ৫৫,১০৩ জন প্রার্থীর অভিন্ন প্রশ্নপত্রে ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে ০১ ঘন্টাব্যাপী ১০০ নম্বরের MCQ Test এবং উক্ত Test এ উত্তীর্ণ কর্ম/বেশী ১০,০০০ জন প্রার্থীর ২ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণান্তে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল তালিকা (হার্ড কপি ও সফট কপি) প্রণয়ন ও প্রদান।
২	যোগ্যতা ও অভিজ্ঞতা	সরকার কর্তৃক অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট/কনসাল্টিং ফার্ম যাদের বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) এক বা একাধিক কার্যাদেশ/চুক্তির আওতায় একক আয়োজনে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কমপক্ষে ৫,০০০ জন প্রার্থীর নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরীর অভিজ্ঞতা রয়েছে এরূপ প্রতিষ্ঠান।
৩	নির্দেশিকা ও সিডিউল	বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট <a href="http://www.bb.org.bd">www.bb.org.bd</a> এর e-Tender-এ পাওয়া যাবে।
৪	অংশগ্রহণ কার্যক্রম	উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ই-টেন্ডারিং-এ অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে ( <a href="http://www.bb.org.bd">www.bb.org.bd</a> ) রেজিস্ট্রেশন সম্পন্নকরতঃ নিজ নিজ ক্ষেত্রে প্রবেশ করে আর্থিক প্রস্তাবের নির্ধারিত ফরম পূরণপূর্বক যোগ্যতা, অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি আপলোড করতে হবে। দরপত্র সংশ্লিষ্ট প্রমাণক যাবতীয় কাগজপত্রাদি ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ে রক্ষিত নির্দিষ্ট টেন্ডার বক্সে দাখিল করতে হবে।
৫	দাখিলের শেষ সময়	১৪/১১/২০১৯ তারিখ সকাল ১০.১৫ টা পর্যন্ত।
৬	খোলার সময়	১৪/১১/২০১৯ তারিখ সকাল ১০.৩০ টায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ে অনলাইনে খোলা হবে।
৭	অন্যান্য শর্ত	ক) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীর ধারণ ক্ষমতা ও অন্যান্য বিষয়ে বিএসসিএস এর সাথে আলোচনাক্রমে কেন্দ্র চূড়ান্ত করতে হবে। খ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না। গ) কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত

(মোহাম্মদ আলী)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি